

# সমকাল

## ধানমন্ডি আইডিয়ালে শিক্ষকদের ক্লাস বর্জন, শিক্ষার্থীদের বিক্ষোভ

প্রকাশ: ০৮ জুন ২২ | ১৪:৫২ | আপডেট: ০৮ জুন ২২ | ১৫:০৫

### সমকাল প্রতিবেদক



অধ্যক্ষের পদত্যাগের দাবিতে বিক্ষোভ ও মিছিল চলছে ধানমন্ডি আইডিয়াল কলেজে।

অধ্যক্ষ মো. জসিম উদ্দীন আহমেদসহ ৩ শিক্ষকের পদত্যাগের দাবিতে রাজধানীর ধানমন্ডি আইডিয়াল কলেজের ক্লাস ও একাডেমিক কার্যক্রম বর্জন করেছেন কলেজের সাধারণ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা। এ আন্দোলনে যুক্ত হয়েছেন সাধারণ শিক্ষার্থীরাও।

আজ শনিবার সকাল থেকে অধ্যক্ষের পদত্যাগের দাবিতে বিক্ষোভ ও মিছিল চলছে ক্যাম্পাসে। কলেজে বিরাজ করছে উত্তপ্ত অবস্থা।

এর আগে গতকাল শুক্রবার অধ্যক্ষের বিরুদ্ধে ভূয়া পিএইচডি, অটেল আর্থিক দুর্নীতি ও ব্যাপক অনিয়মে জড়িত থাকার অভিযোগ তুলে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সংবাদ সম্মেলন করেন সাধারণ শিক্ষকরা। সংবাদ সম্মেলন থেকে অধ্যক্ষকে কলেজে অবাঞ্ছিত ঘোষণা করা হয়।

জানতে চাইলে কলেজের হিসাববিজ্ঞান বিভাগের শিক্ষক জাহাঙ্গীর হাসান বলেন, অধ্যক্ষসহ মার্কেটিং বিভাগের শিক্ষক তৌফিক আজিজ চৌধুরী, বাংলা বিভাগের শিক্ষক তরুণ কুমার গাঙ্গুলী, গণিত বিভাগের শিক্ষক মো. মনিরুজ্জামানের পদত্যাগের দাবিতে আমরা সব একাডেমিক কার্যক্রম বর্জন করেছি। শিক্ষার্থীরাও আমাদের আন্দোলনে সমর্থন জানিয়ে কলেজে বিক্ষোভ করছেন। দাবি আদায় না হওয়া পর্যন্ত আমাদের আন্দোলন চলবে।



অধ্যক্ষের পদত্যাগের দাবিতে বিক্ষোভ ও মিছিল চলছে ধানমন্ডি আইডিয়াল কলেজে।

শুক্রবারের সংবাদ সম্মেলনে শিক্ষকরা অভিযোগ করে বলেছিলেন, কলেজের বর্তমান অধ্যক্ষ জনাব জসিম উদ্দীন আহমেদ ২০১৭ সালের মার্চ মাসে প্রতিষ্ঠানটির অধ্যক্ষ হিসেবে নিয়োগ পান। অধ্যক্ষ হিসেবে যোগদানের পর থেকেই তার বিরুদ্ধে বিভিন্ন অনৈতিক কার্যক্রম, অনিয়ম ও আর্থিক দুর্নীতির অভিযোগ ওঠে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ | ই-মেইল: [samakalad@gmail.com](mailto:samakalad@gmail.com)